



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/29/2018

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো স্টেট পুলিশের প্রতিহিংসামূলক অপরাধ ইউনিটকে (HATE CRIMES UNIT)
কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ইহুদি-বিদ্বেষী নাশকতার তদন্ত করতে নির্দেশ দিয়েছেন**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেট পুলিশের প্রতিহিংসামূলক অপরাধ ইউনিটকে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের দুইটি স্বস্তিকা চিহ্ন এবং একটি ইহুদি-বিদ্বেষী গালি সম্পর্কে তদন্তে সহায়তা করতে নির্দেশ দিয়েছেন, যা গত বুধবার কলম্বিয়া টিচার্স কলেজের একজন ইহুদি প্রফেসর এবং ইহুদি গণহত্যা (Holocaust) বিষয়ক পণ্ডিতের অফিসের দেওয়ালে স্প্রে-পেইন্ট করে আঁকা ছিল।

“কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে ঘটা এই জঘন্য ইহুদি-বিদ্বেষী ও প্রতিহিংসামূলক কাণ্ডের প্রতি আমি বীতশ্রদ্ধ,” **গভর্নর কুওমো বলেছেন।** “এই ঘটনার প্রেক্ষিতে, আমি কলম্বিয়া বিশ্ববিদ্যালয় এবং নিউ ইয়র্কের গোটা ইহুদি সমাজের পাশে দাঁড়াচ্ছি। আমি স্টেট পুলিশের প্রতিহিংসামূলক অপরাধ ইউনিটকে এই তদন্তে নিয়োজিত হবার নির্দেশ দিচ্ছি। আমরা এই কাজের হোতাদের আইনের শাসনের সামনে পেশ করবো, এবং এই ঘণার পরিবেশ থেকে উঠে দাঁড়াব”।

নিউ ইয়র্কবাসী সকল পক্ষপাত-মূলক হুমকি, অবমাননা এবং সহিংসতার দ্রুতবর্ধমান রিপোর্টসমূহের বিপক্ষে লড়ার জন্য গভর্নর কুওমো 2017 সালে [প্রতিহিংসামূলক অপরাধ টাস্ক ফোর্স \(Hate Crimes Task Force\)](#) তৈরি করেন। নিউ ইয়র্ক স্টেট পুলিশ দ্বারা পরিচালিত টাস্ক ফোর্স কাউন্টি নেতৃবৃন্দ, ডিসট্রিক্ট এটর্নি, স্কুল ডিসট্রিক্টের নেতৃবৃন্দ, আঞ্চলিক পুলিশ ডিপার্টমেন্ট এবং অন্যান্য সকল মূল স্টেকহোল্ডারদের প্রতিহিংসামূলক সকল অপরাধ এবং পক্ষপাতমূলক আচরণধারা, সামাজিক দুর্বলতাসমূহ এবং বৈষম্যমূলক আচরণ চিহ্নিত ও তদন্তের কাজে নিয়োজিত করেছে।

নিউ ইয়র্কবাসী যারা পক্ষপাত বা বৈষম্যের ভুক্তভোগী তাদের উৎসাহিত করা হচ্ছে [\(888\) 392-3644](#) এই টোল-মুক্ত হটলাইনটিতে সোম-শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত সময়ে কল করতে। অথবা “HATE” লিখে 81336 নম্বরে টেক্সট করতে। কেউ যদি ভাবেন যে তিনি সত্যিই অপরাধের শিকার হয়েছেন অথবা আশু বিপদে আছেন, তাহলে তাদের অবশ্যই 911 ডায়াল করা উচিত। স্টেট প্রতিহিংসামূলক অপরাধীদের গ্রেফতার ও দন্ডাদেশ দেওয়ার তথ্য প্রদানের জন্য 5,000 মার্কিন ডলার পুরস্কার ঘোষণা করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)